দর্শনায় ফেনসিডলসহ দক্ষিন চাঁদপুরের জিন্না আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ১০ বোতল ফেনসিডলসহ জিন্নাত আলী (৪২) কে আটক করেছে। সে দক্ষিন চাঁদপুর গ্রামের মাঝের পাড়ার আবুল কাসেমের ছেলে।

জানাযায় আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো: শরিয়তউল্লাহ ও পরিদর্শক নাজমুল হোসেন খান উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে অভিযান চালায়, দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামে।এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে মাদক ব্যাবসায়ী জিন্নাতের বসত বাড়ির ঘরের ভিতর তল্লাশী করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।